গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৬ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.msw.gov.bd**

**বিষয়: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ডিসেম্বর ২০১৬'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ জিল্লার রহমান, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভার তারিখ ও সময় : ২৮ ডিসেম্বর ২০১৬, বিকাল ৩.০০ টায়।

সভার স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ # ৩২৩, ভবন # ৬, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা: **পরিশিষ্ট-'ক'**।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৬ অধিশাখা) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুসারে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | নভেম্বর-২০১৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ | নভেম্বর-২০১৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা হয়। | কোনরূপ সংশোধন/সংযোজন না থাকায় নভেম্বর-২০১৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | অতিরিক্ত সচিব (সকল) ও সংস্থা প্রধানগণ, সকম |
| ২. | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০২ নভেম্বর ২০১৪ তারিখে সমাজকল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদানকৃত নির্দেশনার অগ্রগতি পর্যালোচনা; | (ক) উপসচিব (প্রশাসন-৬) জানান, মাননীয় প্রধানমন্ত্রীর পরিদর্শনকালে যে সমস্ত নির্দেশনা প্রদান করেছেন তার আলোকে প্রতি মাসের ১০ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হয় এবং ডিসেম্বর ২০১৬ মাসেও যথারীতি প্রেরণ করা হয়েছে। | (ক) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০২ নভেম্বর ২০১৪ তারিখে সমাজকল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদানকৃত নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করে হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন সংস্থা প্রধান ও সংশ্লিষ্ট সকলকে প্রতি মাসের ৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে মাসের ১০ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (সকল) ও সংস্থা প্রধানগণ, সকম উপসচিব (প্রশাসন-৬ অধিশাখা), সকম |
| | | (খ) 'দারিদ্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ' গঠনের লক্ষ্যে করণীয় সম্পর্কে সুপারিশ প্রণয়নের বিষয়ে ২৭.১২.২০১৬ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় নিম্নরুপ সিদ্ধান্ত গহীত হয়:<br>*প্রাথমিক পর্যায়ে ধারণাপত্রের কার্যকারিতা ও সম্ভাব্যতা বাস্তবায়নের জন্য কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলাধীন ১টি গ্রাম এবং মানিকগঞ্জ জেলার হরিরামপুর উপজেলাধীন ১টি গ্রামকে নির্ধারণ করা হলো।<br>* মাঠপর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি সভা | (খ) 'দারিদ্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ' গঠনের লক্ষ্যে ২৭.১২.২০১৬ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যক্রম গ্রহণপূর্বক অগ্রগতি প্রতিবেদন আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করতে হবে। | (খ) অতিরিক্ত সচিব (কার্যক্রম), সকম |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করতে হবে।<br>* আগামী ২৬.০১.২০১৭ তারিখে সভাটি অনুষ্ঠিত হবে।<br>* ৮টি মন্ত্রণালয়াধীন ১২ টি অধিদফতর/পরিদফতরের কর্মকর্তাগণ সভায় উপস্থিত থাকার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অনুমতির জন্য পত্র দেয়া হবে।<br>* উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ অন্যান্য সকল কর্মকর্তাদের সাথে পরিচালক (কার্যক্রম) যোগাযোগ সম্পন্ন করবেন। | | |
| ৩. | ডিজিটাল নথি ব্যবস্থাপনা; | যুগ্মসচিব (বাজেট ও আইসিটি) জানান, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ডিজিটাল নথি ব্যবস্থাপনার কার্যক্রম পরীক্ষামূলকভাবে গত ৩০ অক্টোবর ২০১৬ তারিখে প্রশাসন-১ শাখার একটি নথি নিষ্পত্তির মাধ্যমে চালু করা হয়েছে। অন্যান্য শাখাসমূহে ক্রমান্বয়ে ই-ফাইল চালু করার প্রস্তুতি নেয়া হচ্ছে। মন্ত্রণালয়ের অর্গানোগ্রাম ও কর্মবন্টন প্রণয়নের কাজ চলমান রয়েছে। মন্ত্রণালয়ের ইন্টারনেট ব্যবস্থা আপগ্রেড করার জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। আগামী ২৮ ফেব্রুয়ারি ২০১৭ এর মধ্যে পূর্ণাঙ্গরূপে ই-ফাইল সিস্টেম চালু করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। মন্ত্রণালয়ের অর্গানোগ্রাম ও কর্মবন্টন প্রণয়নের কাজ সম্পন্ন না হলে ই-ফাইলিং কার্যক্রম সম্পন্ন করা যাবে না। ই-ফাইলিং কাজে অভিজ্ঞ ২জন জনবল সমাজসেবা অধিদফতর হতে মন্ত্রণালয়ে সংযুক্তিতে নিয়োগ দেয়ার জন্য মহাপরিচালককে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া প্রতিমাসের ৪ তারিখের মধ্যে ই-ফাইলিং সংক্রান্ত আপডেট তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | (ক) মন্ত্রণালয়ের অর্গানোগ্রাম ও কর্মবন্টন প্রণয়নের কাজ আগামী ১৫ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>(খ) ই-ফাইলিং কাজে অভিজ্ঞ ২জন কর্মকর্তা সমাজসেবা অধিদফতর হতে মন্ত্রণালয়ে আগামী ১৫ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে সংযুক্তিতে নিয়োগ করতে হবে।<br><br>(গ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ২৮ ফেব্রুয়ারি ২০১৭ এর মধ্যে পূর্ণাঙ্গরূপে ই-ফাইল সিস্টেম চালু করতে হবে এবং প্রতিমাসের ৪ তারিখের মধ্যে ই-ফাইলিং সংক্রান্ত আপডেট তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), সকম যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম।<br><br>(খ) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর<br><br>(গ) অতিরিক্ত সচিব (প্রশাসন), সকম যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম। |
| ৪. | ওয়েবসাইট আপডেট সংক্রান্ত; | (ক) মন্ত্রণালয় এবং এর অধীন দফতর/সংস্থাসমূহের ওয়েবসাইট নিয়মিত আপডেট করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন জানান, ফাউন্ডেশনের ওয়েবসাইটে হালনাগাদ তথ্যাদি সন্নিবেশ করা হয়েছে। নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ) জানান, ট্রাস্টের ওয়েবসাইট চালু আছে। তবে ওয়েবসাইটটিতে ওয়েব ডেভেলপার কর্তৃক কিছু সংশোধনী কার্যক্রম চলমান পর্যায়ে আছে। ওয়েব সাইটটির আলোচ্য কার্যক্রম জরুরিভিত্তিতে হালনাগাদ করার ব্যবস্থা নেয়া হচ্ছে।<br><br>(খ) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর জানান, অধিদফতরের মাঠ পর্যায়ের (জেলা ও উপজেলা) কার্যালয়সমূহের মধ্যে পিরোজপুর, খাগড়াছড়ি, কুষ্টিয়া, নোয়াখালী জেলার সকল অফিস, কক্সবাজার জেলা কার্যালয়, নওগাঁ জেলা কার্যালয়, ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ ও রানীশংকৈল উপজেলা, রাজশাহী জেলার পিএইচটি সেন্টার, ঢাকা জেলার মাতৃস্বাস্থ্য | (ক)মন্ত্রণালয় এবং এর অধীন দফতর/সংস্থাসমূহের ওয়েবসাইট নিয়মিত আপডেট করতে হবে এবং অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ের আইসিটি শাখা ও প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করতে হবে।<br><br>(খ) সমাজসেবা অধিদফতরের মাঠ পর্যায়ের অবশিষ্ট জেলা ও উপজেলা কার্যালয়সমূহের ওয়েব পোর্টাল হালনাগাদ করে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ের আইসিটি শাখা ও প্রশাসন-৬ | (ক) সংস্থা প্রধানগণ ও যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম<br><br>(খ) মহাপরিচালক সমাজসেবা অধিদফতর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইনস্টিটিউট, ইসলামিয়া চক্ষু হাসপাতাল, মিটফোর্ড হাসপাতাল, ডেন্টাল কলেজ হাসপাতাল ও মাদারীপুর জেলার হাসপতাল সমাজসেবা কার্যক্রম এর ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়েছে। অবশিষ্ট জেলা ও উপজেলা কার্যালয়সমূহের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ কার্যক্রম চলমান আছে।<br><br>(গ) ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট জানান, ট্রাস্টের এটুআই প্রজেক্টের সাথে সমন্বয় করে www.nddtrust.gov.bd নামে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের ওয়েবসাইট পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে। ট্রাস্টের একটি মনোগ্রাম তৈরি করা হয়েছে এবং সাইটপ্লান প্রস্তুত করা হয়েছে। পোর্টালে কনটেন্ট ও তথ্য সন্নিবেশনের কার্যক্রম চলমান আছে। | অধিশাখায় প্রেরণ করতে হবে।<br><br>(গ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের ওয়েবসাইটের বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ের আইসিটি শাখা ও প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করতে হবে। | (গ) ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট। |
| ৫. | অভিযোগ গ্রহণ ও নিস্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম; | যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম, জানান, নভেম্বর ২০১৬ মাসের ২টি অভিযোগের তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি। টেলিফোনে তাগিদ দেয়া হয়েছে। ২২ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ২টি অভিযোগ পাওয়া গেছে। অভিযোগ ২টি তদন্ত করার জন্য নথি উপস্থাপন করা হয়েছে। অনলাইনে কোন অভিযোগ পাওয়া যায়নি। | অভিযোগসমূহের তদন্ত প্রতিবেদন সংগ্রহ করে দ্রুত নিস্পত্তির পদক্ষেপ গ্রহণ এবং অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম। |
| ৬. | জাতীয় শুদ্ধাচার কৌশল আলোকে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত; | (ক) যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম, জানান, ২০১৬-২০১৭ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও ১ম প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ২য় প্রান্তিকের প্রতিবেদন আগামী জানুয়ারি ১৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>(খ) শুদ্ধাচার পরিকল্পনার ২য় প্রান্তিকে নিম্নবর্ণিত লক্ষ্যমাত্রাগুলো অর্জন করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। জরুরী-অংশীজনের অংশগ্রহণে সভা/সেমিনার ২টি, শিশু বিধি প্রণয়ন, কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা বিধির মতামত গ্রহণ, পিতা-মাতার ভরণ-পোষণ বিধির মতামত গ্রহণ, দি প্রবেশন অব অফেন্ডারস্ অধ্যাদেশ, ১৯৬০ বাতিলপূর্বক নতুন আইন প্রণয়ণের ২য় খসড়া তৈরি, স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ যুগোপযুগীকরণে ২য় খসড়া তৈরি, প্রতিবন্ধী বিষয়ক জাতীয় পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদন গ্রহণ, সমাজকল্যাণ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তরসংস্থাসমূহের কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বার্ষিক ৬০ ঘন্টা প্রশিক্ষণ নিশ্চিতকরণে স্ব স্ব দপ্তর/সংস্থার প্রশিক্ষণ কর্মপরিকল্পনা প্রণয়ন, আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের শ্রেষ্ঠ কর্মকর্তা/কর্মচারী পুরস্কার প্রদানের নীতিমালা প্রণয়ন, প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ এর প্রতিবেদন প্রকাশ, প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রস্তুতকৃত ডাটাবেইজ ব্যবহার ও প্রকাশ | (ক) ২০১৬-২০১৭ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা যথারীতি বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>(খ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক শুদ্ধাচার পরিকল্পনার ২য় প্রান্তিকের জন্য নির্ধারিত নিম্নবর্ণিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ের আইসিটি শাখা ও প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করতে হবে।<br><br>১. জরুরী-অংশীজনের অংশগ্রহণে ২টি সভা/সেমিনার আয়োজন করতে হবে।<br>২. শিশু বিধি প্রণয়ন, কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা বিধির মতামত গ্রহণ, পিতা-মাতার ভরণ-পোষণ বিধির মতামত গ্রহণ, দি প্রবেশন অব অফেন্ডারস্ অধ্যাদেশ, ১৯৬০ | সংস্থা প্রধানগণ ও যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম।<br><br>১. নির্বাহী সচিব জাতীয় সমাজকল্যাণ পরিষদ<br>২. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), উপসচিব (আইন ও সংস্থা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সংক্রান্ত নীতিমালা প্রণয়ন। | বাতিলপূর্বক নতুন আইন প্রণয়ণের ২য় খসড়া তৈরি, স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ যুগোপযুগীকরণে ২য় খসড়া তৈরি করতে হবে।<br><br>৩. প্রতিবন্ধী বিষয়ক জাতীয় পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে।<br><br>৪. সমাজকল্যাণ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তরসংস্থাসমূহের কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বার্ষিক ৬০ ঘন্টা প্রশিক্ষণ নিশ্চিতকরণে স্ব স্ব দপ্তর/সংস্থার প্রশিক্ষণ কর্মপরিকল্পনা প্রণয়ন, আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের শ্রেষ্ঠ কর্মকর্তা/কর্মচারী পুরস্কার প্রদানের নীতিমালা প্রণয়ন করতে হবে। যে কোন প্রশিক্ষণ মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা আয়োজন করবে।<br><br>৫. প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ এর প্রতিবেদন প্রকাশ, প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রস্তুতকৃত ডাটাবেইজ ব্যবহার ও প্রকাশ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করতে হবে। | ৩. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা), উপসচিব (প্রতিবন্ধিতা), সকম<br><br>৪. সংস্থা প্রধানগণ ও অতিরিক্ত সচিব, (প্রশাসন) সকম, উপসচিব (প্রশাসন-১) সকম।<br><br>৫. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর ও কর্মসূচি পরিচালক, প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কর্মসূচি। |
| ৭. | সমাজসেবা অধিদফতর | সমাজসেবা অধিদফতরের সকল শ্রেণির শূন্যপদ পূরনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপসচিব (প্রশাসন-২) জানান,<br>ক. পিআরএল জনিত কারণে উপপরিচালকের ৫টি শূন্য পদে কর্মকর্তা পদায়নের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।<br>খ. সহকারী পরিচালকের অনুমোদিত মোট পদ ১১২টি। বর্তমানে সহকারী পরিচালকের কোন পদ শূন্য নেই।<br>গ. বর্তমানে ১ম শ্রেণির মোট শূন্য পদ ২৮৮টি। ২৮৮টি পদের মধ্যে ১০% সংরক্ষণের বিধানমতে ২৯টি পদ সংরক্ষণ করা হয়েছে। অবশিষ্ট (২৮৮-২৯) = ২৫৯টির মধ্যে ২০১টি পদ পিএসসিতে ৩৫তম বিসিএস থেকে নিয়োগের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট (২৫৯-২০১)= ৫৮টি পদের মধ্যে | সমাজসেবা অধিদফতরের সকল শ্রেণির শূন্যপদ পূরণে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ এবং অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর ও অতিরিক্ত সচিব (প্রশাসন), উপসচিব (প্রশাসন-২), সকম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২য় শ্রেণি থেকে ১ম শ্রেণির সমাজসেবা অফিসার/সমমান হিসেবে ৩৪টি পদ পদোন্নতির জন্য পিএসসিতে প্রক্রিয়াধীন রয়েছে। ২৪টি পদে জনবল নিয়োগের জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তিনি আরো জানান, ২য় শ্রেণির মোট শূন্য পদ ১২৯টি।<br>১২৯টি পদের মধ্যে ৮৮টি ৩৫তম বিসিএস থেকে নিয়োগের প্রস্তাব পিএসসিতে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট (১২৯-৮৮)=৪১টি পদের মধ্যে পিএসসি কর্তৃক ৩৪তম বিসিএস থেকে ১২জন প্রার্থীকে নিয়োগের সুপারিশ করেছে, যা নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। অবশিষ্ট (৪১-১২)=২৯টি পদ নিয়োগবিধি অনুযায়ী ৩য় শ্রেণির বিভিন্ন ক্যাটাগরি হতে পদোন্নতির মাধ্যমে পূরণের কার্যক্রম সমাজসেবা অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর জানান, ৩য় শ্রেণির গ্র্যাজুয়েট টিচার, বড়ভাইয়া, খালাম্মা, কম্পাউন্ডার, মেট্রন কাম-নার্স, কটেজ মাদার এবং ৪র্থ শ্রেণির বার্তা বাহক, আয়া, মালী, নিরাপত্তা প্রহরী, ফিটার এটেনডেন্ট এবং পরিচ্ছন্নতা কর্মী পদের নিয়োগের নিমিত্ত মৌখিক পরীক্ষা চলমান রয়েছে। | | |
| ৮. | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ | নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ জানান, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের বহুতল বিশিষ্ট ভবন নির্মাণের লক্ষ্যে ডিজাইন প্রাক্কলন প্রস্তুতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী গণপূর্ত অধিদফতর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে এবং প্রাইভেট কনসালটেন্ট নিয়োগের জন্য পদক্ষেপ নেয়া হয়েছে। | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের বহুতল বিশিষ্ট ভবন নির্মাণের অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করতে হবে। | নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ। |
| ৯. | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন জানান, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র কার্যক্রম থার্ড পার্টি দ্বারা সমীক্ষা করার জন্য ফার্ম/প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে ২(দুই)টি দৈনিক পত্রিকায় ও ফাউন্ডেশনের ওয়েব সাইটে বিজ্ঞপ্তি জারী করা হলে মোট ৪(চার)টি প্রস্তাব জমা পড়ে। এতদসংক্রান্ত মূল্যায়ণ কমিটি ২(দুই)টি প্রতিষ্ঠানের প্রস্তাবকে রেসপনসিভ হিসেবে বিবেচনা করে মূল্যায়ণ প্রতিবেদন দাখিল করে। দুইটি প্রতিষ্ঠানের মধ্যে সর্বনিম্ন দরদাতা 'উদয়ন সমাজকল্যাণ সমিতি' বরাবর কার্যাদেশ প্রদান করা হয়েছে। তাছাড়া জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর ২৯১জন জনবল নিয়োগের কার্যক্রম অতি দ্রুত সম্পন্ন করা ও অধিদফতরে রূপান্তর এবং ট্রাস্ট গঠনের বিষয়ে আলোচনা হয়। | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র কার্যক্রম থার্ড পার্টি দ্বারা সমীক্ষার কাজ দ্রুত সম্পাদন, শূন্যপদে জনবল নিয়োগের নিমিত্ত দ্রুত কার্যক্রম গ্রহণ করে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করতে হবে। তাছাড়া ফাউন্ডেশনকে অধিদফতরে রূপান্তর এবং ট্রাস্ট গঠনের প্রস্তাব আগামী ১৫ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন। |
| ১০. | শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ) | নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ) জানান মিরপুর, ঢাকা ও লালমনিরহাটের শিশুপরিবার মেরামত/সংস্কার কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে। তিনি আরো জানান, উক্ত প্রতিষ্ঠানে প্রয়োজনের অতিরিক্ত জনবল রয়েছে। শিশুপরিবারে অবস্থিত বিদ্যালয়ের আয় দ্বারা বিদ্যালয়ের ব্যয় সংকুলান হচ্ছে না। ফলে আর্থিক | শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ) এর মিরপুর, ঢাকা ও লালমনিরহাটের শিশুপরিবার মেরামত/সংস্কার কাজ চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। শেখ জায়েদ বিন | নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ)। উপসচিব (প্রশাসন-২), সকম |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঘাটতি দেখা দিচ্ছে। সচিব মহোদয় বলেন, মিরপুর, ঢাকা ও লালমনিরহাটের শিশুপরিবারের নিবাসীদের লেখাপড়ার পাশাপাশি বিভিন্ন ধরণের প্রশিক্ষণের মাধ্যমে সাবলম্বী করে তুলতে হবে। শিশুপরিবারের নিবাসীদের মূলস্রোতে আনয়নের নিমিত্ত বিদ্যালয়ে বাইরের ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে। ভালো ফলাফলের জন্য কোয়ালিটি সম্পন্ন শিক্ষক নিয়োগ করতে হবে। বিদ্যালয়ের আয় দ্বারাই বিদ্যালয়ের ব্যয় নির্বাহ করতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-২)-কে কমিটি করে ঢাকা ও লালমনিরহাটের স্কুল দু'টি পরিদর্শন করে বিস্তারিত রিপোর্ট প্রদানের বিষয়ে আলোচনা হয়। | সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ) ঢাকা ও লালমনিরহাটের স্কুল দু'টি পরিদর্শন করে আয়-ব্যয়, শ্রেণিভিত্তিক শিক্ষার্থীদের ফলাফল, সমস্যা চিহ্নিতকরণ ও তা উত্তরণের সুপারিশ এবং প্রতিষ্ঠানে প্রয়োজনের অতিরিক্ত জনবল আছে কিনা এ সম্পর্কে বিস্তারিত উল্লেখ্যপূর্বক পূর্ণাঙ্গ রিপোর্ট আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রদানের জন্য জনাব জিএম আককাচ হোসেন, উপসচিব (প্রশাসন-২), সকম কে এক সদস্য বিশিষ্ট কমিটি নিয়োগ করা হলো। | |
| ১১. | শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প | নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট জানান মৈত্রী শিল্পের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের লক্ষ্যে জেলা/উপজেলা পর্যায়ে বাজার সম্প্রসারণের প্রক্রিয়া চলমান রয়েছে। ১২ নভেম্বর ২০১৬ তারিখ হতে ময়মনসিংহ বিভাগে বিপননের পাইলট কার্যক্রম শুরু হয়েছে। আগামী ৩০ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে খুলনা বিভাগে মৈত্রী শিল্পের শো-রুম কাম বিপণন কেন্দ্র খোলার কার্যক্রম বাস্তবায়নাধীন আছে। অন্যান্য বিপণন কার্যক্রম অব্যাহত আছে। | মৈত্রী শিল্পের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের লক্ষ্যে জেলা/উপজেলা পর্যায়ে বাজার সম্প্রসারণ করতে হবে এবং অগ্রগতি আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৬ অধিশাখা প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট। |
| ১২. | নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট | ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট জানান, দেশের অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাস্থ্য ও জীবন ঝুঁকি হ্রাস কল্পে তাদেরকে স্বাস্থ্য ও গ্রুপ বীমার আওতায় আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে টার্মস এন্ড রেফারেন্সসহ পলিসি পেপার তৈরির লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। গত ০৮ নভেম্বর ২০১৬ তারিখে উক্ত কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। জীবন বীমা কর্পোরেশনের বিদ্যমান পলিসিতে এ ধরণের প্রতিবন্ধী ব্যক্তিদের বীমাকরণের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা না থাকায় জীবন বীমা কর্পোরেশন কর্তৃপক্ষের নীতি নির্ধারণী পর্যায়ে এনডিডি ব্যক্তিদের বীমাকরণের বিষয়টি বিবেচনাধীন রয়েছে। জীবন বীমা কর্পোরেশনের সঙ্গে এ বিষয়ে যোগাযোগ রক্ষা করা হচ্ছে। এ ছাড়া এ বিষয়ে সহযোগিতা করার জন্য গ্রীন ডেলটা লাইফ ইন্সুরেন্স এর সঙ্গে যোগাযোগ করা হচ্ছে মর্মে আলোচনা হয়। | দেশের অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাস্থ্য ও জীবন ঝুঁকি হ্রাস কল্পে তাদেরকে স্বাস্থ্য ও গ্রুপ বীমার আওতায় আনতে হবে এবং<br>অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩. | বিবিধঃ | | | |
| | (ক) মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন আইন/বিধিমালা প্রণয়ন সংক্রান্ত; | (ক) উপসচিব (আইন ও সংস্থা), সকম জানান, স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৬ এর সার-সংক্ষেপ অনুমোদনের অপেক্ষায় আছে। অনুমোদিত হলে নীতিগত সিদ্ধান্তের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | (ক) স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৬ এর সার-সংক্ষেপ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), উপসচিব (আইন ও সংস্থা ), সকম। |
| | (খ) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইনের খসড়া আগামী ২ মাসের মধ্যেই মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (খ) উপসচিব (আইন ও সংস্থা), সকম জানান, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন ২০১৬ নতুনভাবে প্রস্তুত করে আন্তঃমন্ত্রণালয়ের মতামত গ্রহণের জন্য উপস্থাপন করা হয়েছে। | (খ) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন ২০১৬ প্রণয়ণের অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করতে হবে। | (খ) অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), সকম<br>নির্বাহী সচিব বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ও<br>উপসচিব (আইন ও সংস্থা ), সকম। |
| | (গ) অডিট আপত্তি নিস্পত্তি বিষয়ক; | (গ) সহকারী সচিব (অডিট), সকম জানান, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সমাজসেবা অধিদফতর, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এর নভেম্বর, ২০১৬ পর্যন্ত সর্বমোট ১০৩১ টি অনিস্পন্ন অডিট আপত্তি রয়েছে, যাতে জড়িত অর্থের পরিমান ৭১,৬৫,২৯,৯৬৯/- টাকা।<br><br>* সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নভেম্বর, ২০১৬ পর্যন্ত অনিস্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৫টি, যাতে জড়িত অর্থের পরিমাণ ৯,০৯,৮৯৩/- টাকা। ০৫ টি অনিস্পন্ন অডিট আপত্তির ব্রডশীট জবাব অডিট অধিদফতরে প্রেরণের প্রক্রিয়াধীন আছে।<br><br>* সমাজসেবা অধিদফতরের নভেম্বর, ২০১৬ পর্যন্ত অনিস্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৯৫২ টি, যাতে জড়িত অর্থের পরিমাণ ১০,৫৮,৫৯,২০৮/- টাকা। নভেম্বর ২০১৬ মাসে কোন অডিট আপত্তি নিস্পত্তি হয়নি। আলোচ্য মাসে ২টি নতুন অডিট আপত্তি পাওয়া গিয়েছে এবং ০১ টি ব্রডশীট জবাব মন্ত্রণালয়ের মাধ্যমে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br><br>* জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের নভেম্বর-২০১৬ পর্যন্ত অনিস্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৪৩টি, যাতে জড়িত অর্থের পরিমান ৩০,০৬,১২,৩৮৬/- টাকা। নভেম্বর ২০১৬ মাসে ০৭টি অডিট আপত্তি নিস্পত্তি করা হয়েছে। আলোচ্য মাসে ০৯ টি নতুন অডিট আপত্তি পাওয়া গিয়েছে এবং ০১ টি ব্রডশীট জবাব মন্ত্রণালয়ের মাধ্যমে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে প্রেরণ করা | (গ) সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং এর অধীন দফতর/সংস্থাসমূহ নিজ নিজ অডিট আপত্তি নিস্পত্তির জন্য দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় সভা করে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করতে হবে। | (গ) সংস্থা প্রধানগণ, অতিরিক্ত সচিব (প্রশাসন), সকম।<br><br>সহকারী সচিব (অডিট),সকম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে। দ্বিপক্ষীয় সভা আহবানের নিমিত্ত রাজস্ব ও অডিট অধিদপ্তরকে পত্র দেয়া হয়েছে।<br><br>* বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নভেম্বর ২০১৬ পর্যন্ত অনিস্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৩১ টি, যাতে জড়িত অর্থের পরিমাণ ৩০,৯১,৪৮,৪৮২/- টাকা। নভেম্বর-২০১৬ মাসে কোন অডিট আপত্তি নিস্পত্তি করা হয়নি। আলোচ্য মাসে নতুন কোন অডিট আপত্তি পাওয়া যায়নি এবং ০৬ টি ব্রডশীট জবাব মন্ত্রণালয়ের মাধ্যমে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এছাড়া ত্রিপক্ষীয় সভা আহবানের নিমিত্ত প্রতিনিধি মনোনয়ন ও সম্ভাব্য তারিখ নির্ধারণের জন্য মন্ত্রণালয় হতে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে আলোচনা হয়। | | |
| | (ঘ) যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত; | (ঘ) নভেম্বর-২০১৬ মাসের অগ্রগতি প্রতিবেদন মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। | (ঘ) যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত সংক্রান্ত অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করতে হবে। | (ঘ) সংশ্লিষ্ট সংস্থাপ্রধানগণ, অতিরিক্ত সচিব (কার্যক্রম), সকম ও সহকারী সচিব (কর্মসূচি-১), সকম। |
| | (ঙ)হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি সংক্রান্ত | (ঙ) হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন বিষয়ে আলোচনা হয়। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর জানান, জামালপুর, ময়মনসিংহ এবং ঢাকা জেলায় হিজড়া জনগোষ্ঠি বেশি। সম্প্রতি হিজড়াদের দলনেতা গুরুমাতাদের নিয়ে সমাজসেবা অধিদফতরে একটি সভা করা হয়েছে। হিজড়াদের যে যেখানে আছে সেখানে তাদের উপযোগী প্রকল্প গ্রহণ করে প্রশিক্ষণ দিয়ে দক্ষতা উন্নয়ন করে পুনর্বাসন করার নিমিত্ত সভাপতি গুরুত্বারোপ করেন। সভাপতি আরো বলেন হিজড়াদের সাথে কাউন্সিলিং করে তারা কে কি কাজে আগ্রহী তা নিরুপন করে তাদের জন্য স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি প্রকল্প/কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। | (ঙ) হিজড়া জনগোষ্ঠীকে আবাসনের মাধ্যমে পুনর্বাসন করার জন্য দু'টি পাইলট প্রজেক্ট প্রণয়ন করে ৩০.০১.২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। তাছাড়া হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি প্রকল্প/কর্মসূচি প্রণয়নপূর্বক তাদেরকে প্রশিক্ষণ দিয়ে দক্ষতা উন্নয়ন করে পুনর্বাসন করতে হবে। | (ঙ) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, অতিরিক্ত সচিব (কার্যক্রম),উপসচিব (কর্মসূচি-১), সকম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | (চ) চা শ্রমিকের জীবনমান উন্নয়ন কর্মসূচী সংক্রান্ত। | (চ) চা শ্রমিকের জীবনমান উন্নয়ন কর্মসূচী বিষয়ে আলোচনা হয়। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর জানান, ২০১৬-২০১৭ অর্থ বছরে চা শ্রমিকের জীবনমান উন্নয়ন কর্মসূচিতে ১৫ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। ইতোমধ্যে বরাদ্দকৃত অর্থ হতে ১ম কিস্তি (জুলাই/২০১৬ হতে সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত) বাবদ ৩,৭৫,০০,০০০/-টাকা মঞ্জুরি আদেশ জারী করা হয়েছে। নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ বলেন, চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচীতে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ থেকে যে অনুদান দেয়া হয় তা সঠিকভাবে বিতরণ হয় না। বাজাসকপ কর্তৃক ক্যাশ টাকা অনুদান হিসাবে না দিয়ে ছোট পরিসরে আবাসন নির্মাণের জন্য পাইলট প্রজেক্ট গ্রহণ করার ব্যাপারে সভাপতি গুরুত্বারোপ করেন। তাছাড়া চা শ্রমিকের সংখ্যা নির্ধারণ করে উপজেলা/বাগান ভিত্তিক চা শ্রমিকের সংখ্যা অনুযায়ী সরাসরি "চা শ্রমিকের জীবনমান উন্নয়ন কর্মসূচী সংক্রান্ত" ব্যাংক হিসাবে অর্থ প্রেরণ এবং উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা সমাজসেবা অফিসার, চা বাগানের ম্যানেজার ও চা শ্রমিক প্রতিনিধি সমন্বয়ে কমিটি গঠন করা এবং উক্ত কমিটি কর্তৃক মালামাল কিনে চা শ্রমিকদের মাঝে বিতরণ করার ব্যাপারে আলোচনা হয়। | (চ) (১) চা শ্রমিকদের ঘরবাড়ী করে দেয়ার জন্য পাইলট প্রজেক্ট/কর্মসূচী প্রণয়ন করে আগামী ২ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>চ.(২) চা শ্রমিকদের সংখ্যা নির্ধারণ করে উপজেলা/বাগান ভিত্তিক চা শ্রমিকের সংখ্যা অনুযায়ী সরাসরি "চা শ্রমিকের জীবনমান উন্নয়ন কর্মসূচী সংক্রান্ত" ব্যাংক হিসাবে অর্থ প্রেরণ করতে হবে।<br><br>চ.(৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা সমাজসেবা অফিসার, চা বাগানের ম্যানেজার ও চা শ্রমিক প্রতিনিধি সমন্বয়ে কমিটি গঠন করে উক্ত কমিটি কর্তৃক মালামাল কিনে চা শ্রমিকদের মাঝে বিতরণের নিমিত্ত নির্দেশনা প্রদান করতে হবে। | (চ) (১) হাপরিচালক, সমাজসেবা অধিদফতর।<br><br>চ. (২) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর।<br><br>চ. (৩) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, অতিরিক্ত সচিব (কার্যক্রম) সকম। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/০৫.০১.২০১৭
**মোঃ জিল্লার রহমান**
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়।

স্মারক: ৪১.০০.০০০০.০৩৩.০৬.০২৯.১৬-০৪

২২ পৌষ ১৪২৩
০৫ জানুয়ারি ২০১৭

বিতরণ: সদয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন/প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা/প্রশাসন/কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা।
৪. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ১৩২ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০।
৫. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, সমাজসেবা অধিদফতর (১০ম তলা), আগারগাঁও, ঢাকা।
৬. যুগ্মসচিব (বাজেট ও আইটি/ প্রতিষ্ঠান অধিশাখা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা।
৮. পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৯. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, স্টেশন রোড, টংগী, গাজীপুর।
১০. উপসচিব (প্রশাসন-১/প্রশাসন-২/প্রশাসন-৪/প্রশাসন-৫/আইন ও সংস্থা/প্রতিবন্ধিতা/কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. উপপ্রধান (পরিকল্পনা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. কর্মসূচি পরিচালক, প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
১৩। কর্মসূচি পরিচালক/জাতীয় প্রকল্প পরিচালক, শেখ রাসেল দুস্থ শিশু পুনর্বাসন ও প্রশিক্ষণ/**CSPB**, সমাজসেবা অধিদফতর, শেরেবাংলা নগর, ঢাকা।
১৪। সেল প্রধান ও যুগ্মসচিব, ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান শীর্ষক কর্মসূচি, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
১৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্র.-১/৩/কর্মসূচি-১/অডিট), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
১৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. জনাব মো: সাজ্জাদুল ইসলাম, উপপরিচালক, সমাজকল্যাণ মন্ত্রণালয় (সংযুক্ত) **(ডিসেম্বর ২০১৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।**

*** সংশ্লিষ্ট সকলকে ১৭ জানুয়ারি ২০১৬ এর মধ্যে সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রম ও অগ্রগতি প্রতিবেদন প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করার নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**

০৫.০১.২০১৭

মোঃ মোস্তফা কামাল মজুমদার
উপসচিব (প্রশাসন-৬ অধিশাখা)
ফোন: ৯৫১৫৫৩৪
**E-mail: parliament_mosw@yahoo.com**

জ্ঞাতার্থে
১। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।